তারিখ ... 07 OCT 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

## কাশিয়ানীর সিংগা সর. প্রা. বিদ্যালয়

# ভবন ঝুঁকিপূর্ণ : আতঙ্কে গাছের নিচে পাঠদান

সংবাদদাতা, কাশিয়ানী (গোপালগঞ্জ)

গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলার ১২৫ নং নিজ সিংগা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনটি সংস্কারের অভাবে ২ বছর ধরে পরিত্যক্ত থাকায় গাছের নিচে পাঠদান করছেন ওই বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

জানা গেছে, বর্তমান বিদ্যালয়টিতে ৬৬ ছাত্রছাত্রী লেখাপড়া করছে, ৪ জন শিক্ষক কর্মরত রয়েছেন। ১৯৮২ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৯৩ সালে বিদ্যালয়ের পাকা ভবন নির্মাণ করা হয়। দীর্ঘদিন যাবত সংস্কারের অভাবে বিদ্যালয়ের ভবন ব্যবহারের অনুপযোগী ঘোষণা করা হয়। ফলে দীর্ঘ ২ বছর ধরে ছাত্র-ছাত্রীদের গাছ তলায় ক্লাস করছে। এতে রোদ, বৃষ্টি ও ঝড়ে শিক্ষক-শিক্ষার্থীদের চরম দুর্ভোগ পোহাতে হয়। ব্যাহত হচ্ছে পাঠদান কার্যক্রম। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি সুধীর চন্দ্র দত্ত বলেন, সংস্কারের অভাবে বিদ্যালয়ের ভবনটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। এতে শিক্ষার্থীদের প্রতিনিয়ত রোদ-বৃষ্টি উপেক্ষা গাছতলায় ক্লাস করতে হচ্ছে।

বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর ছাত্রী ঝুমা দত্ত জানায়, স্কুলের ভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় তাদের মন্দিরের গাছতলায় বসে ক্লাস করতে হয়। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা মিন্না রানী রায় জানান, ১৯৯৩ সালে বিদ্যালয়ের ভবন নির্মাণ করা হলেও দীর্ঘদিন সংস্কারের অভাবে ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। এতে ছাত্রছাত্রীদের গাছতলায় ক্লাস নেয়া হচ্ছে। বিষয়টি উপজেলা প্রাথমিক টিও স্যারকে লিখিতভাবে জানালেও সংস্কার বা পুনর্নির্মাণের কোনো উদ্যোগ নেয়া হয়নি। এ ব্যাপারে কাশিয়ানী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মাখন লাল নাথ বলেন, বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে কর্তৃপক্ষকে চিঠির মাধ্যমে জানিয়েছি।



গোপালগঞ্জের কাশিয়ানীতে গাছের নিচে পাঠদান করছেন বিদ্যালয়ের এক শিক্ষিকা —সংবাদ